

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৩৫.১৮.২৫-৩২২

তারিখ: ০২ বৈশাখ, ১৪৩৩
১৫ এপ্রিল, ২০২৬

বিষয়: সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ১৮০ দিনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নংঃ ৫৭.০০.০০০০.১৪৩.৪২.০০১.২৪.৪০ তারিখঃ ০২ এপ্রিল, ২০২৬ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের নিমিত্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রণয়নকৃত ১৮০ দিনের কর্মপরিকল্পনার নিম্নোক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর এবং planning.madrasah@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করা প্রয়োজন।

ক্রমিক নং	ইশতেহারে বর্ণিত প্রতিশ্রুতি	বাস্তবায়ন কর্মকৌশল	করণীয়
১.	লার্নিং উইথ হ্যাপিনেস (আনন্দময় শিক্ষা)	সকল প্রতিষ্ঠানে আনন্দময় শিখন পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে স্কুল ক্লাব স্থাপন, শ্রেণিভিত্তিক বিতর্ক, দলগত উপস্থাপনা, স্কিল কম্পিটিশন, দেয়াল পত্রিকা, পারস্পরিক মিথস্ক্রিয়ার মাধ্যমে শিখন (interactive learning), প্রতিষ্ঠানভিত্তিক জব ফেয়ার আয়োজন	ক) জুন ২০২৬ এর মধ্যে ২০০ টি মাদ্রাসায় (দেশের সকল কামিল মাদ্রাসা-১৮৪টি, ঢাকা জেলার ফাজিল মাদ্রাসা ১৩টি এবং নারায়নগঞ্জ জেলার ফাজিল মাদ্রাসা-১১টি সহ মোট ২০৮টি) দেয়াল পত্রিকা প্রকাশ করতে হবে। খ) সকল মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি বছর কমপক্ষে ২ টি (জুন ও ডিসেম্বর) দেয়াল পত্রিকা প্রকাশ করতে হবে। গ) প্রতিটি শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বিভিন্ন দলে বিভক্ত করে দলগত উপস্থাপনা অনুশীলন করতে হবে ; ঘ) সকল মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্কাউটিং ও বিএনসিসি (প্রযোজ্য ক্ষেত্রে), রোভার স্কাউটিং নিশ্চিত করতে হবে।
২.	স্বাস্থ্য ও খাদ্যে অগ্রাধিকার	উন্নত বিশ্বের আদলে শিক্ষা প্রতিষ্ঠানে মিড ডে মিল সম্প্রসারণের লক্ষ্যে স্থায়ী অবকাঠামো সৃষ্টি করা, এ লক্ষ্যে মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় বাজেটে অর্থের সংস্থান করা। ত্রৈমাসিক হেলথ ক্যাম্প (স্বাস্থ্য সচেতনতা, সেলফ হাইজিন, লাইফস্টাইল ডিজিজ/এনসিডি) আয়োজন এবং পর্যায়ক্রমে শিক্ষার্থীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার আওতায় আনা	সকল এমপিও ভুক্ত মাদ্রাসায় ত্রৈমাসিকভিত্তিতে স্থানীয় সরকারি হাসপাতালের চিকিৎসকের উপস্থিতিতে হেলথ ক্যাম্প (স্বাস্থ্য সচেতনতা, সেলফ হাইজিন, লাইফস্টাইল ডিজিজ/এনসিডি) আয়োজন করতে হবে।
৩.	ফ্রি ওয়াই-ফাই চালু	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য লাইব্রেরিতে ফ্রি ওয়াই-ফাই চালুকরণ	জুন ২০২৬ এর মধ্যে ২০০ টি মাদ্রাসায় (দেশের সকল কামিল মাদ্রাসা-১৮৪টি, ঢাকা জেলার ফাজিল মাদ্রাসা ১৩টি এবং নারায়নগঞ্জ জেলার ফাজিল মাদ্রাসা-১১টি সহ মোট ২০৮টি) এবং ডিসেম্বর ২০২৬ এর মধ্যে সকল মাদ্রাসায় শিক্ষার্থীদের জন্য লাইব্রেরিতে ফ্রি ওয়াই-ফাই চালু করতে হবে।

8.	ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি কর্মসূচি বাস্তবায়ন	সকল শিক্ষা প্রতিষ্ঠান বন বিভাগ/কৃষি বিভাগ হতে গাছের চারা সংগ্রহ করবে। যদি বন বিভাগ হতে চারা সংগ্রহ করা না যায় তাহলে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব অর্থায়নে শিক্ষার্থীদের নিকট গাছের চারা সরবরাহ করবে এবং রোপিত চারার পরিচর্যায় শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ	আগস্ট ২০২৬ এর মধ্যে বন বিভাগ/কৃষি বিভাগের স্থানীয় কার্যালয় হতে গাছের চারা সংগ্রহপূর্বক গাছ রোপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বন বিভাগ/কৃষি বিভাগ হতে চারা সংগ্রহ করা না গেলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব অর্থায়নে শিক্ষার্থীদের গাছের চারা সরবরাহ করবেন ও রোপিত চারার পরিচর্যায় শিক্ষার্থীদের সম্পৃক্ত করবেন।
----	---	--	---

এমতাবস্থায় উপরিউল্লিখিত নির্দেশনাবলী যথাযথভাবে প্রতিপালনপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণে জন্য সংশ্লিষ্ট সকল মাদ্রাসা প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ পাতা।


 মোহাম্মদ আরিফুর রহমান মজুমদার
 উপ পরিচালক (প্রশাসন)
 মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ:

১. জেলা শিক্ষা অফিসার... (সকল) [উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস হতে প্রাপ্ত তথ্য একত্রীকরণ করে উল্লিখিত ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ]
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল) [মাদ্রাসা হতে প্রাপ্ত তথ্য একত্রীকরণ করে জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করার অনুরোধসহ]
৩. অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান (সকল এমপিওভুক্ত মাদ্রাসা) [উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নপূর্বক তথ্যাদি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণের অনুরোধসহ]

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

- ১। জেলা প্রশাসক..... (সকল) [তার আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নে মনিটর করার অনুরোধসহ]
- ২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। উপজেলা কৃষি কর্মকর্তা..... (সকল) [ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতার অনুরোধসহ]
- ৪। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা..... (সকল) [ত্রৈমাসিক হেলথ ক্যাম্প আয়োজনে সহযোগিতার অনুরোধসহ]
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।